# এসএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : | ১ | ১ | ১ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

### সৃজনশীল প্রশ্ন

মান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১.▶রফিক ও শফিক দুই বন্ধু মিলে একবার কক্সবাজার সমুদ্র সৈকতে বেড়াতে গিয়েছিল। পাহাড় পর্বত, ঝর্ণাধারা ও সমুদ্রের মনোরোম দৃশ্যাবলি দেখে মুগ্ধ হয়ে রফিক বলল, আলহামদুলিল্লাহ। এ সবই মহান আল্লাহর সৃষ্টি। কিন্তু শফিক দ্বিমত পোষণ করে বলল, এগুলো প্রাকৃতিকভাবেই সৃষ্টি হয়েছে।

ক. তাওহিদের বিপরীত কী? ১

খ. তাওহিদ বলতে কী বোঝায়? ২

গ. শফিকের মন্তব্যে যা মনোভাব প্রকাশ পেয়েছে শরীয়তের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. রফিক ও শফিকের মধ্যে কার মতামতকে তুমি অধিক যৌক্তিক বলে মনে করো? ইসলামের আলোকে বিশ্লেষণ কর। ৪

২.▶হাসান করিমের কাছে পাঁচ হাজার টাকা আমানত রাখে। কয়েক মাস পরে হাসান এ আমানতের টাকা আনতে গেলে করিম বলে যে, সে টাকাগুলো খরচ করে ফেলেছে। সাতদিন পরে টাকা ফেরত দিবে বলে অঙ্গীকার করে। নির্ধারিত তারিখে করিম আবার টাকা দিতে ব্যর্থ হলে দুজনের মধ্যে ঝগড়ার সৃষ্টি হয়। বিষয়টি একজন আলেমের কাছে বললে, তিনি কুরআনের নিম্নোক্ত আয়াতটি শোনান।

إِنَّ الْمُنَافِقِينَ فِي الدَّرْكِ الْأَسْفَلِ مِنَ النَّارِ-

ক. হাশর অর্থ কী? ১

খ. মুনাফিক কাকে বলে? ২

গ. নিফাক থেকে কেন বেঁচে থাকতে হবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত আয়াতের আলোকে মুনাফিকদের পরিণতি বিশ্লেষণ কর। ৪

৩.▶সালাম সাহেব একজন পরহেজগার ব্যক্তি। তার এক প্রতিবেশি সড়ক দুর্ঘটনায় স্ত্রীসহ মারা যান। তার দু'টি পিতৃহীন সন্তানকে নিজ দায়িত্বে লেখাপড়া করান এবং তাদের বাবার সম্পদের সঠিক রক্ষণাবেক্ষণ করেন। তার স্নেহে সন্তান দু'টি মাতাপিতা হারানোর শোক ভুলে যায়। যদিও তার বড় ভাই কালাম সাহেব এ কাজের সম্পূর্ণ বিরোধিতা করেন।

http://teachingbd.com

ক. وجد (ওজাদা) শব্দের অর্থ কী? ১

খ. শানেনুযুল কাকে বলে? ২

গ. সুরা আদ-দুহার কোন শিক্ষার অভাবে কালাম সাহেব এরূপ কাজ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. সালাম সাহেব কি তার কাজের মাধ্যমে আল্লাহর নির্দেশ পালন করেছেন? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

**৪.** ▶ নাদিম সাহেব এক কোম্পানীর কর্মকর্তা। তিনি টাকার বিনিময় ছাড়া কোন ফাইল ছাড়েন না। এভাবে অতিরিক্ত অর্থ উপার্জনের মাধ্যমে আরাম আয়েশে জীবন যাপন করেন। অথচ রাকিব মিয়া একজন রিকশাচালক। সে দৈনন্দিন যা আয় করে তা দিয়ে সংসার চালায়। অবৈধ টাকার প্রতি তার কোনো লোভ নেই।

ক. হালাল অর্থ কী? ১

খ. হারাম খাদ্য স্বাস্থ্যের জন্য ক্ষতিকর কেন? ২

গ. নাদিম সাহেবের অর্থ উপার্জনের উপায় সম্পর্কে তোমার মতামত ইসলামী শরিয়তের দৃষ্টিতে ব্যাখ্যা কর। ৩

ঘ. উপার্জনের ক্ষেত্রে নাদিম সাহেব ও রাকিব মিয়ার যে মনোভাব প্রকাশ পেয়েছে তা মূল্যায়ন কর। ৪

**৫.** ▶ রতন মিয়া সালাত ও সাওম আদায়সহ ইসলামের অন্যান্য বিধি-বিধান রীতিমত মেনে চলার চেষ্টা করেন। প্রতিবেশী কালু মিয়ার বাড়ির কিয়দাংশ জবর দখল করে তিনি সীমানা প্রাচীর নির্মাণ করেছেন। বোনকে সম্পত্তি থেকে বঞ্চিত করেছেন। রতন মিয়ার বিশ্বাস যাবতীয় অপরাধ হজের দ্বারা আল্লাহ তায়ালা মাফ করে দিবেন।

ক. العبادة শব্দের অর্থ কী? ১

খ. হাক্কুল্লাহ বলতে কী বোঝায়? ২

গ. রতন মিয়ার কাজটি ইসলামের দৃষ্টিতে কীরূপ ব্যাখ্যা কর। ৩

ঘ. "বান্দার হক আদায়ের মাধ্যমে রতন মিয়া পূর্ণ মুমিন হতে পারে।" উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৬.** ▶ জনাব যুবায়ের একজন প্রতিষ্ঠিত ব্যবসায়ী। তিনি অবৈধভাবে প্রচুর অর্থের মালিক হয়েছেন। তিনি নিয়মিত সালাত, সাওম আদায় করেন না এবং সম্পদের যাকাতও আদায় করে না। কিন্তু প্রতি বছর হজ আদায় করেন। জুমার খুতবায় একদিন তিনি শুনতে পান যে, খতিব সাহেব বলেন, সালাত, সাওম ও যাকাত ইত্যাদি ইবাদত বাদ দিয়ে শুধু হজের মাধ্যমে আল্লাহর নৈকট্য লাভ সম্ভব নয় বরং তার এ হজ কবুল হবে না।

teachingbd.com

ক. যাকাত শব্দের অর্থ কী? ১
খ. সাওম তাকওয়া অর্জনের উত্তম উপায় কেন? বুঝিয়ে লেখ। ২
গ. জনাব যুবায়েরের কাজটি শরিয়তের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. খতিব সাহেবের বক্তব্যের যথার্থতা মূল্যায়ন কর। ৪

৭. ▶ কালাম একজন সৎ ব্যবসায়ী। তার সংসারে অভাব অভিযোগ লেগেই থাকে। কালামের স্ত্রী মাঝে মধ্যে বিরক্ত হয়ে অতিরিক্ত আয়ের জন্য দুই একটা মিথ্যা কথা বলতে, ওজনে কম দিতে, দ্রব্যে ভেজাল মেশাতে বলে। কিন্তু কালাম তাকে বুঝিয়ে রাসুল (স) এর নিম্নোক্ত হাদিসখানা শোনান।

اَلصِّدْقُ يُنْجِىْ وَالْكِذْبُ يُهْلِكُ-

অর্থ : সত্যবাদিতা মুক্তি দেয় আর মিথ্যা ধ্বংস ডেকে আনে।

ক. ওয়াদা এর আরবি প্রতিশব্দ কী? ১
খ. মিথ্যা বর্জনীয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. কোন গুণের কারণে কালাম অসৎ পথ অবলম্বন করতে রাজি হলো না? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের হাদিসখানা বিশ্লেষণ কর। ৪

৮. ▶ লালু মিয়া মসলার ব্যবসা করেন। তিনি হলুদের সাথে কম দামের ডালের গুঁড়া মিশিয়ে বিক্রি করেন। জয়নাল এ দৃশ্য দেখে তাকে বললেন, এটি প্রতারণা এ কাজ পরিহার করুন; এটা ইসলাম বিরোধী কাজ।

ক. আখলাকে যামিমা কী? ১
খ. প্রতারণা কাকে বলে? ২
গ. লালু মিয়ার কাজ শরিয়তের দৃষ্টিতে কিরূপ হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. প্রতারণার পরিণতি কুরআন-হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯. ▶ রহমতপুর গ্রামের দু'পাড়ার লোকদের মধ্য একবার ধান কাটাকে কেন্দ্র করে সংঘর্ষ হয় এবং তাতে অনেক লোক আহত হয়। উক্ত পরিস্থিতিতে স্থানীয় ইমাম সাহেব উভয় পাড়ার বিশিষ্ট ব্যক্তিদের একত্রিত করে মহানবি (স) এর 'হিলফুল ফুযুল' সংগঠনের ভূমিকা আলোচনা করেন। অতঃপর সকলের সম্মতিতে উভয় পাড়ার সমান সংখ্যক সদস্য নিয়ে 'সবুজ সংঘ' সংগঠন প্রতিষ্ঠা করেন এবং এ সংগঠনের সদস্যবৃন্দের সক্রিয় ভূমিকায় বিরাজমান বিবাদ মিটিয়ে উভয় পাড়ার মাঝে শান্তি সম্প্রীতি স্থাপনে সক্ষম হন।

ক. কে মুহাম্মদ (স) কে অসাধারণ বালক বলে উল্লেখ করেন? ১
খ. আইয়্যামে জাহেলিয়া বলতে কী বোঝায়? ২
গ. 'সবুজ সংঘ' প্রতিষ্ঠায় হিলফুল ফুযুলের কী প্রভাব ছিল? ব্যাখ্যা কর। ৩
ঘ. "আধুনিক বিশ্বের জাতিসংঘ হিলফুল ফুযুলের কাছে অনেকাংশে ঋণী।" মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

ইসলাম ও নৈতিক শিক্ষা

বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : ১ ১ ১

সময় — ৪০ মিনিট

মান — ৪০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ইসলামের সকল শিক্ষা ও আদর্শ কিসের উপর প্রতিষ্ঠিত?
ক) ঈমান খ) আকাইদ
গ) নবুয়্যত ঘ) রিসালাত

২. "খাতামুন নাবিয়্যিন" অর্থ কী?
ক) নবুয়্যাতের ধারা খ) নবুয়্যাতের সমাপ্তি
গ) রিসালাতের দায়িত্ব ঘ) কোনটি নয়

৩. জাহান্নামে চিরকাল অবস্থান করবে—
i. কাফিররা
ii. মুশরিকরা
iii. মুনাফিকরা
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii
গ) iii ঘ) i, ii ও iii

৪. হাশরের দিন কয় শ্রেণীর লোক আল্লাহর আরশে স্থান পাবে?
ক) পাঁচ খ) তিন
গ) দুই ঘ) সাত

৫. শফিক মাজারে গিয়ে পীরের কবরে সিজদা দিল, তার এ কাজ কিসের শামিল।
ক) শিরক খ) কুফর
গ) নিফাক ঘ) ফিসক

৬. "কোন কিছুই তার সদৃশ নয়" কোন সূরার অংশ?
ক) সূরা বাকারা খ) সূরা নিসা
গ) সূরা মায়িদা ঘ) সূরা আশশুরা

৭. কোন যুদ্ধের পেক্ষাপটে কুরআন মাজিদ গ্রন্থাকারে লিপিবদ্ধ করা হয়?
ক) বদর যুদ্ধ খ) উহুদ যুদ্ধ
গ) ইয়ামামার যুদ্ধ ঘ) খাইবার যুদ্ধ

নিচের অংশটি পড়ে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও:

নাজিম সালাত ও সাওম পালন করে কিন্তু যাকাত দিতে অস্বীকার করে।

৮. ইসলামের দৃষ্টিতে নাজিম একজন—
ক) কাফির খ) মুনাফিক
গ) মুশরিক ঘ) সবকয়টি

৯. নাজিম ইসলামের কোন পর্যায়ের বিধান অস্বীকার করেছেন—
ক) মুস্তাহাব খ) সুন্নাত
গ) ওয়াজিব ঘ) ফরয

১০. কুরআন মাজিদে মুনাফিকদের কী বলে আখ্যায়িত করা হয়েছে?
ক) কাফির খ) মিথ্যাবাদী
গ) ভণ্ড ঘ) প্রতারক

১১. জাহান্নামীদের খাদ্য কী?
ক) শীতল পানি খ) আগুন
গ) কাঁটাযুক্ত বৃক্ষ ঘ) সবগুলো

১২. "আমার উম্মতের উত্তম ইবাদাত হচ্ছে কুরআন তিলাওয়াত" হাদিসটি কোন গ্রন্থের—
ক) বুখারী খ) বায়হাকি
গ) মুসলিক ঘ) তিরমিযী

১৩. মৃত্যু থেকে পুনরুত্থান পর্যন্ত সময়কে কী বলে?
ক) কিয়ামত খ) হাশর
গ) বারযাখ ঘ) আখিরাত

১৪. কিসের স্বীকৃতির ভিত্তিতে কিয়াস শরীয়তের উৎস?
ক) কুরআন খ) হাদিস
গ) আন ও ইজমা ঘ) কুরআন ও হাদিস

১৫. মাদানী সূরা মোট কয়টি?
ক) ৮৬টি খ) ২৮টি
গ) ১১৪টি ঘ) ৩০টি

১৬. "আল্লাহপাক তাঁর প্রিয় বান্দাদের কখনই পরিত্যাগ করেন না" এটি কোন সূরার শিক্ষা—
ক) আশ শামস খ) আদ দুহা
গ) আতত্বীন ঘ) কোনটি নয়

১৭. আসর ও ইশার নামাযের পূর্বে ৪ রাকাআত সুন্নাত নামায পড়া কী?
ক) মাকরুহ খ) সুন্নাতে যায়িদাহ
গ) ওয়াজিব ঘ) সুন্নাতে মুয়াক্কাদা

১৮. মনোযোগসহকারে সালাত আদায়কারীর জন্য কিয়ামতের দিন সালাত কী হবে?
ক) বন্ধু খ) দলিল
গ) নূর ঘ) সুপারিশকারী

১৯. হজ্জের সময় সাফা ও মারওয়া পাহাড়ে মাঝে সাঈ করা কী?
ক) ওয়াজিব খ) ফরয
গ) সুন্নাত ঘ) মুস্তাহাব

Teachingbd.com

২০. হালাল বিষয় সুস্পষ্টভাবে বর্ণিত এবং হারাম ও সুস্পষ্টভাবে বর্ণিত"- কোন গ্রন্থের হাদিস?

ⓚ তিরমিযী ⓚ নাসাঈ
(ক) তিরমিযী (খ) নাসাঈ
(গ) আবু দাউদ (ঘ) বুখারী ও মুসলিম

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও:

আজাদ সাহেব তার কারখানায় কর্মরত সকল শ্রমিককে যথাযথ সময় বেতন ভাতা দেন না। তাই প্রায়ই কারখানায় গোলমাল অশান্তি লেগেই থাকে।

২১. হাদিসে কখন শ্রমিকের মুজুরী পরিশোধ করার নির্দেশ দিয়েছে—

(ক) চুক্তির পর (খ) চুক্তির সময়
(গ) ইচ্ছেমত (ঘ) ঘাম শুকানোর পূর্বে

২২. শ্রমিক ও মালিকের মাঝে ইসলাম কোন বিষয়টি অনুমোদন করে না?

(ক) সাম্য (খ) বৈষম্য
(গ) ভ্রাতৃত্ব (ঘ) কোনটি নয়

২৩. আজাদ সাহেব যথা সময়ে শ্রমিকের মজুরী দিয়ে দিলে কারখানায়—

i. শান্তি বিরাজ করে
ii. অর্থনৈতিক উন্নতি হবে
iii. জাতির কল্যাণ হবে

নিচের কোনটি সঠিক?

(ক) iii (খ) ii ও iii
(গ) ii (ঘ) i, ii ও iii

২৪. ইসলামের দৃষ্টিতে জিহাদ কয় প্রকার?

(ক) ২ প্রকার (খ) ৩ প্রকার
(গ) ৪ প্রকার (ঘ) ৫ প্রকার

২৫. মানবীয় মৌলিকগুণ ও শ্রেষ্ঠ সম্পদ কী?

(ক) আখলাকে হামিদা (খ) শালীনতা
(গ) সত্যবাদিতা (ঘ) সবগুলো

২৬. ইসলামী জীবন দর্শনে ওয়াদা পালন করা—

(ক) আবশ্যক (খ) দায়িত্ব
(গ) উচিৎ (ঘ) কোনটি নয়

২৭. খিয়ানত কী ডেকে আনে?

(ক) ধ্বংস (খ) ফিতনা
(গ) দারিদ্র (ঘ) সচ্ছলতা

২৮. দেশ প্রেম ও দেশের সেবা করা কী স্বরূপ?

(ক) মানব সেবা (খ) সমাজ সেবা
(গ) ইবাদত (ঘ) সামাজিক গুন

২৯. পরিচ্ছন্নতার আরবী প্রতিশব্দ কী?

(ক) নাজাফাত (খ) আল আহাদ
(গ) আস সিদক (ঘ) তাযকিয়াহ

৩০. ইসলামী দর্শনে মানুষের মধ্যে সবচেয়ে মর্যাদাবান কারা?

(ক) মুত্তাকীগণ (খ) হাজিগণ
(গ) নামাযীগণ (ঘ) সত্যবাদিগণ

৩১. তাযকিয়াহ শব্দের অর্থ কী?

(ক) পবিত্রতা (খ) আত্মশুদ্ধি
(গ) নির্মলতা (ঘ) সরলতা

৩২. "ঘুষদাতা ও ঘুষ গ্রহিতা উভয়ই জাহান্নামী"- হাদিসটি কোন গ্রন্থের?

(ক) তাবারানি (খ) মিশকাত
(গ) মুসলিম (ঘ) মুসনাদে আহমাদ

৩৩. নবীজী খাদিজা (রা) এর ব্যবসার কাজে সিরিয়া গেলে সংগে কে ছিল?

(ক) আলী (রা) (খ) মাইসারা
(গ) আবু তালিব (ঘ) আবু ওবায়দা

৩৪. আবু বকর (রা) "সিদ্দিক" উপাধিলাভ করেছিলেন কোন ঘটনার প্রেক্ষাপটে?

(ক) বদরযুদ্ধ (খ) খাইবারযুদ্ধ
(গ) মিরাজ (ঘ) উহুদের যুদ্ধ

৩৫. "দুই জ্যোতির অধিকারী"- এর আরবী প্রতিশব্দ কী?

(ক) যাবিল আরহাম (খ) যাবিল কুয়্যাত
(গ) যুন নূরাইন (ঘ) যুল হুলাইফা

৩৬. ইমাম বুখারী (র) এর সনদসহ কতগুলো হাদিস মুখস্থ ছিল?

(ক) তিন লক্ষ (খ) তিন হাজার
(গ) লক্ষাধিক (ঘ) ছয় লক্ষ

৩৭. "তারিখ আর রুসুল ওয়াল মুলুক" গ্রন্থটি কে রচনা করেন?

(ক) ইমাম গাযালি (খ) ইমাম আবু হানিফা
(গ) আত তাবারী (ঘ) আল বিরুনী

৩৮. "নিউ প্রেটো নিজমের" উদ্ভাবক কে ছিলেন?

(ক) আল কাসি (খ) আল কিন্দি
(গ) আত তুসি (ঘ) আল বিরুনী

৩৯. "কিতাবুল হিসাব আল আদাদ আল হিন্দী" কি বিষয়ক গ্রন্থ?

(ক) বীজ গণিত (খ) ইতিহাস
(গ) রসায়ন (ঘ) পাটি গণিত

৪০. "মুজামুল বুলদান" এর রচয়িতা কে?

(ক) উমার খৈয়াম (খ) নাসিব উদ্দিন তুসি
(গ) আল মাসউদি (ঘ) ইয়াকুত ইবনে আব্দুল্লাহ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | খ | ৩ | ঘ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | গ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | খ | ১১ | গ | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | খ | ১৬ | খ | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | ক | ২০ | ঘ |
| | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | ক | ৩১ | খ | ৩২ | ক | ৩৩ | খ | ৩৪ | গ | ৩৫ | গ | ৩৬ | ক | ৩৭ | গ | ৩৮ | খ | ৩৯ | ঘ | ৪০ | ঘ |

http://teachingbd.com